Total No. of Printed Pages—7

**2 SEM TDC BNL MIL (A) 1**

DIBRUGARH COLLEGE CENTRAL LIBRARY ESTD. 1963 DIBRUGARH

**2017**

( May )

BENGALI

( Modern Indian Language )

**( Arts )**

Course : 201

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*Candidates **eligible** for Internal Assessment shall answer Question Nos. **1** to **9***

*Full Marks* : 80

*Pass Marks* : 32/24

*Candidates **not eligible** for Internal Assessment shall answer Question Nos. **1** to **12***

*Full Marks* : 100

*Pass Marks* : 40/30

ক—বিভাগ

( মূল্যাঙ্ক : ৩০ )

১। সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪

(ক) 'সোনার তরী' কাব্যটি ইংরেজী কত সালে প্রকাশিত?

(খ) "দিব না দিব না যেতে—ডাকিতে ডাকিতে
হু হু ক'রে তীব্রবেগে চলে যায় সবে
পূর্ণ করি বিশ্বতট আর্ত কলরবে।"
এটি কোন্ কবিতার অন্তর্গত?

(গ) 'সোনার তরী' কাব্যের শেষ কবিতাটির নাম কি?

(ঘ) "গগনে গরজে মেঘ ঘন বরষা।
_____, নাহি ভরসা।"
শূন্যস্থান পূর্ণ কর।

২। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১১×২=২২

(ক) "প্রকৃতির সহিত কবির যে আত্মীয়তার বন্ধন, তাহা যে ইহজীবনের নয়, তাহা যে যুগযুগান্তরের, জন্মজন্মান্তরের —সৃষ্টিরও পূর্বের, একথা রবীন্দ্রনাথ 'সোনার তরী'তে আসিয়া মর্মে মর্মে অনুভব করিয়াছেন।" তোমার পাঠ্য কবিতাগুলির সাহায্যে উক্ত মন্তব্যটির সত্যতা আলোচনা কর।

(খ) 'সোনার তরী' কবিতাটির মর্মার্থ প্রকাশ কর।

(গ) "জল-স্থল-আকাশের সহিত একাত্মবোধ ও সর্বত্র নিজেকে ব্যাপ্ত করিয়া বিলাইয়া দিবার ব্যাকুলতা প্রকাশ পাইয়াছে এই (বসুন্ধরা) কবিতায়।" আলোচনা কর।





(ঘ) " 'যেতে নাহি দিব' কবিতাটি বাৎসল্যের হৃদয়াবেগ জল-স্থল-আকাশ আচ্ছন্ন করিয়াছে। অবুঝ মানব-হৃদয়ের স্নেহ-ব্যাকুলতা যেন দিকে দিকে বাহু বিস্তার করিয়া জীবধাত্রী মূক বৃহৎ বেদনাময়ী পৃথিবী—জননীর ব্যাকুল চেতনাদীপ্তিতে উদ্ভাসিত হইতেছে।" মন্তব্যটির অনুসরণে 'যেতে নাহি দিব' কবিতাটি আলোচনা কর।

৩। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) 'যেতে নাহি দিব' কবিতায় গৃহিণী কি কি সরঞ্জাম তাঁর স্বামীর জন্য বেঁধে দিয়েছিল, বর্ণনা দাও।

(খ) "হে আদি জননী সিন্ধু, বসুন্ধরা সন্তান তোমার একমাত্র কন্যা তব কোলে।" উদ্ধৃতাংশের তাৎপর্য বিশ্লেষণ কর।

## খ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ২৫ )

৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে-কোন চারটি) : ১×৪=৪

(ক) 'ফসিল' গল্পে বর্ণিত 'নেটিভ স্টেট'-এর নাম কি?

(খ) 'টোপ' গল্পে কাকে 'টোপ' হিসেবে ব্যবহার করা হয়েছে?

(গ) ময়নার স্বামীর নাম কি?

(ঘ) "ছোড়া গেল কই? কই গেল? হায় ভগবান্!" কার উক্তি?

(ঙ) 'আদাব' গল্পটি কোথাকার রক্তাক্ত দাঙ্গার পটভূমিকায় লেখা?

৫। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১৩

(ক) "গ্রামীণ মানুষের প্রতিরোধের সবল চিত্র 'হারাণের নাতজামাই' গল্পে অঙ্কিত।" আলোচনা কর।

(খ) "সেইদিন রাত্রেই শিকারের প্রথম অভিজ্ঞতা।" 'টোপ' গল্প অবলম্বন করে বক্তার শিকারের সেই প্রথম অভিজ্ঞতার কথা তোমার নিজের ভাষায় বর্ণনা কর।

(গ) " 'আদাব' গল্পটিতে একই সঙ্গে মানবতার জয় ও পরাজয়ের কাহিনী অত্যন্ত নিপুণতার সহিত বর্ণিত হয়েছে।" এই 'মানবতার জয় ও পরাজয়ের কাহিনী' সবিস্তারে বিশ্লেষণ কর।

৬। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ৪×২=৮

(ক) ময়নার মা বলে, "দ্যাখেন আইসা, তল্লাস করেন।" কাকে উদ্দেশ্য করে ময়নার মা একথা বলেছে? 'তল্লাস' করে তিনি কি পেয়েছেন, সংক্ষেপে লেখ।

(খ) "নসিবে থাকলে আবার তোমার লগে মোলাকাত হইব —আদাব।" বক্তা কে? বিদায়ের পর বক্তার কি হল, সংক্ষেপে লেখ।

(গ) দুলাল মাহাতো চরিত্রটি সংক্ষেপে আলোচনা কর।

(ঘ) "রাজাবাহাদুরের অতিথি-বাৎসল্য, উদার, রুচিসম্পন্ন চরিত্রটির পরিচয় প্রসঙ্গে গল্পকার মাঝে-মধ্যে চকিতে আলো ফেলেছেন, তাঁর ভেতরকার অন্য আর একটি রূপের প্রতিও।" রাজাবাহাদুরের এই 'অন্য রূপ' বিশ্লেষণ কর।





## গ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ২৫ )

৭। "কোন বিশেষ ব্যক্তিবর্গ বা বিশেষ ঐতিহাসিক ঘটনাকে এ নাটকে চিত্রিত করা হয়নি। আবার তিরিশ দশকের প্রথমভাগের পূর্ববাংলার জেগে ওঠা যুবকদের বজ্রকঠিন মুখগুলোকে সাধারণত সামগ্রিকভাবে এ নাটকে ধরে রাখার চেষ্টা হয়েছে।" 'ফেরারী ফৌজ' সম্পর্কে নাট্যকারের স্ব-কৃত এই মন্তব্যটির যাথার্থ্য বিচার কর। ১৩

*অথবা*

'ফেরারী ফৌজ' নাটকের দেবব্রত ঘোষ (মাস্টারমশাই) চরিত্রটি আলোচনা কর।

৮। সংক্ষেপে আলোচনা কর (যে-কোন দুটি) : ৪×২=৮

(ক) হিতেন দাশগুপ্ত

(খ) নীলমণি

(গ) রাধারাণী

(ঘ) শচী

৯। এক কথায় উত্তর দাও (যে-কোন চারটি) : ১×৪=৪

(ক) 'ফেরারী ফৌজ' নাটকের নামটি কার দেওয়া?

(খ) ফাদার ফ্ল্যানাগান জাতিতে কি ছিলেন?

(গ) 'ফেরারী ফৌজ' নাটকটি প্রথম কোন্ মঞ্চে অভিনীত হয়?

(ঘ) গোপা কার নাম?

(ঙ) ইংরেজী কত সালে 'ফেরারী ফৌজ' প্রকাশিত হয়?

## ঘ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ২০ )

( আভ্যন্তরীণ মূল্যায়নের পরিবর্তে )

১০। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) 'যেতে নাহি দিব' কবিতায় কোন্ ঋতুর উল্লেখ আছে?

(খ) হিতেন দাশগুপ্তের পদমর্যাদা (designation) কি ছিল?

(গ) হারাণের বাড়ী কোন্ গ্রামে ছিল?

(ঘ) "সত্যই নতুন প্রাণের জোয়ার এসেছে অঞ্জনগড়ে।" এই 'নতুন প্রাণের জোয়ার' আসলে কি?

১১। সংক্ষেপে আলোচনা কর (যে-কোন একটি) : ৪

(ক) "যেতে আমি দিব না তোমায়।" বক্তা কে? বলার পর বক্তা কি করলো, সংক্ষেপে লেখ।

(খ) "এ একটা আগুন, একটা হাউইয়ের সঙ্গে প্রেম করতে পারে কেউ?" কার উক্তি? এরূপ উক্তির কারণ কি, বিশ্লেষণ কর।





(গ) "অনেকক্ষণ এই সন্দিহান ও অস্বস্তিকর অবস্থায় দুজনেই অধৈর্য হয়ে পড়ে।" 'আদাব' গল্প অবলম্বন করে সেই 'সন্দিহান ও অস্বস্তিকর অবস্থা'-র বর্ণনা দাও।

১২। 'আদাব' গল্পের বিষয়বস্তু লেখ। ১২

*অথবা*

'সমুদ্রের প্রতি' কবিতার মর্মার্থ পরিস্ফুট কর।

★★★